বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• প্রথম বর্ষ • ১০ম সংখ্যা • কার্তিক-অগ্রহায়ণ ১৪২৭ • নভেম্বর ২০২০



"আমি আজ বিজিবিকে একটি ত্রিমাত্রিক বাহিনী হিসেবে ঘোষণা করছি।"

–শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০৮ নভেম্বর ২০২০, গণভবন

## সূচিপত্র


- হেলিকপ্টার উদ্বোধন এবং বিজিবিকে ত্রিমাত্রিক বাহিনী হিসেবে ঘোষণা
- বিজিবিতে সংযোজিত এপিসি পরিদর্শন
- মহাপরিচালকের পরিদর্শন
- উন্নয়ন ও কল্যাণমূলক কর্মকাণ্ড
- অবসর গ্রহণকারী সুবেদার মেজরদের নামীয় তালিকা
- বদলী অফিসার (কর্নেল তদুর্ধ্ব) নভেম্বর ২০২০
- সীমান্ত সড়ক
- করোনা ভাইরাস
- শীতবস্ত্র বিতরণ
- মৃত্যু প্রতিবেদন- নভেম্বর ২০২০
- মাসিক দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ-নভেম্বর ২০২০
- বর্ডার গার্ড জাদুঘর এবং কেন্দ্রীয় গ্রন্থাগার পরিদর্শন
- বঙ্গবন্ধু সীমান্ত শিক্ষা নিকেতন
- অপারেশন ও প্রশিক্ষণ কার্যক্রম


bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



৪ নভেম্বর ২০২০ তারিখে বিজিবিতে সংযোজিত এপিসি পরিদর্শন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি।



২২ নভেম্বর ২০২০ তারিখে সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

## উন্নয়ন ও কল্যাণমূলক কর্মকাণ্ড

| ক্রমিক | কাজের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | নভেম্বর ২০২০ মাসে সীমান্ত তহবিল হতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য এবং তাদের পরিবারবর্গের কল্যাণার্থে ও উন্নয়নমূলক কাজের জন্য। | ৪,৫৫,২১,৭৬৭.৬০ |
| ২। | নভেম্বর ২০২০ মাসে বিজিবি সাস্থ্য সহায়তা তহবিল হতে ৪জন বিজিবি সদস্যকে চিকিৎসার জন্য। | ৪,৮৮,৯৪৫.০০ |
| | সর্বমোট = (চার কোটি ষাট লক্ষ দশ হাজার সাতশত বারো টাকা ষাট পয়সা) | ৪,৬০,১০,৭১২.৬০ |

## মহাপরিচালক এর পরিদর্শন-নভেম্বর ২০২০

নভেম্বর মাসে বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি নিম্নবর্ণিত স্থানে পরিদর্শন করেন।

- ১৫ নভেম্বর কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) এবং পাখিউড়ারচর বিওপি
- ২৯ নভেম্বর লালমনিরহাট ব্যাটালিয়ন ও বনচৌকি বিওপি
- ২২ নভেম্বর সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) ও বাংগালভিটা বিওপি
- ৩০ নভেম্বর বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ।

## সিজার প্রতিবেদন

নভেম্বর ২০২০ মাসে ৭০,৫২,৭৪,২৬৪/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১৫,০০,২৪৫ পিস ইয়াবা ট্যাবলেট ৬৩,৪৮৩ বোতল ফেনসিডিল, ১.০৮৫ কেজি হেরোইন, ১৮,৪২২ বোতল বিদেশি মদ, ১,৫১৩ বোতল বিয়ার, ৫৬৪.৪৫০ লিটার দেশি মদ, ১,০২৫.৪৩৯ কেজি গাঁজা, ৩৯৪টি নেশাজাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ৪টি পিস্তল, ২২টি বিভিন্ন প্রকার গান, ৪টি বিস্ফোরক, ৫টি ম্যাগাজিন, ১টি পিস্তল ট্রিগার ম্যাকানিজম, ৩৫৮ রাউন্ড গোলাবারুদ এবং ২০০ গ্রাম গান পাউডার। এছাড়া, ১২০ জন পুরুষ ও ৬৩ জন নারীকে অবৈধভাবে সীমান্ত অতিক্রমকালে আটক/পাচারকালে উদ্ধার করা হয়েছে।

## বদলী অফিসার (কর্নেল তদুর্ধ্ব) নভেম্বর ২০২০

বিএ-১০০৮৫৪ কর্নেল উমর রাশেদ মুনির, এমফিল, এমপিএইচ ২৫-১১-২০ তারিখে অধিনায়ক হিসেবে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় যোগদান করেন।





বিএ-৪৭৯৪ কর্নেল মোঃ মাহফুজুর রহমান ৩-১২-২০ তারিখে ডেপুটি রিজিয়ন কমান্ডার হিসেবে রিজিয়ন সদর দপ্তর, রংপুর যোগদান করেন।

## অবসর গ্রহণকারী সুবেদার মেজরদের নামীয় তালিকা

জেসিও-৬৫৯২ সুবেদার মেজর
মোঃ আবুল কালাম আজাদ
চট্টগ্রাম ব্যাটালিয়ন (৮ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**





জেসিও-৬৫০৫ সুবেদার মেজর
মুন্সি ফোরকানুল হক
সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**

জেসিও-৬৫৫০ সুবেদার মেজর
মোঃ মোক্তার হোসেন
নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**





জেসিও-৬৫৪৯ সুবেদার মেজর
মোঃ জসিম উদ্দিন
ঢাকা ব্যাটালিয়ন (সদর বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**

জেসিও-৬৫০৩ সুবেদার মেজর
মোঃ আশরাফ উদ্দিন সরকার
টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**





জেসিও-৬৬৮৮ সুবেদার মেজর
মোঃ হাবিবুর রহমান ভূঁইয়া
রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**

জেসিও-৬৪৯০ অনা. সহ. পরিচালক
মোঃ মোশারফ হোসেন
রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**





জেসিও-৬৫৬৪ সুবেদার মেজর
মোঃ ফিরোজ আলম
রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**



জেসিও-৬৫৫৪ সুবেদার মেজর
মোঃ আব্দুল গাফফার সিকদার
জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ২-১১-২০২০**



জেসিও-৬৬৫৪ সুবেদার মেজর
মোঃ জাহাংগীর হোসেন
বলিপাড়া ব্যাটালিয়ন (৩৮ বিজিবি)
**৫৯ বছর বয়স পূর্তির তারিখ : ১৩-১১-২০২০**

## করোনা ভাইরাস

নভেম্বর ২০২০ মাস পর্যন্ত ৪১৯ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৩৭৮ জন এবং মৃত্যুবরণ করেছে ৭ জন। সুস্থতার হার প্রায় ৯০%।

## শীতবস্ত্র বিতরণ



পানছড়ি ব্যাটালিয়ন (৩ বিজিবি) কর্তৃক অসহায় শীতার্ত ও দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

## সীমান্ত সড়ক

খাগড়াছড়ি সীমান্তে অর্থ বরাদ্দ ছাড়াই নিজেদের শ্রমে ৫০ কি.মি. সীমান্ত সড়ক নির্মাণ করেছে বিজিবি। কিছুদিন আগেও এই এলাকায় সীমান্ত পিলারের নিকট পৌছাতে সময় লাগতো কয়েকদিন। অল ট্যারেইন ভেহিক্যাল (এটিভি) এর মাধ্যমে এখন সেখানে স্বল্প সময়েই পৌছানো সম্ভব। সীমান্ত সড়ক নির্মাণের ফলে সীমান্তে নজরদারি বৃদ্ধি, যৌথটহল কার্যক্রম, পিলার পরিদর্শন এবং বিরাজমান সুসম্পর্ক জোরদারসহ সীমান্ত অপরাধ কমিয়ে আনা সম্ভব হচ্ছে।



## মৃত্যু প্রতিবেদন- নভেম্বর ২০২০

| ক্রমিক | রেজি. নং, পদবী ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | রোগের নাম |
|---|---|---|---|---|
| ১। | ৪০৪৪০ হাবি. সিগ. মোঃ জাহাঙ্গীর হোসেন ভূঁইয়া (পিআরএল) | তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | ০৫-১১-২০২০ | হার্ট এ্যাটাক |
| ২। | ৫০৫৫৯ হাবি. সিগ. মোঃ কামরুজ্জামান (পিআরএল) | পানছড়ি ব্যাটালিয়ন (৩ বিজিবি) | ১০-১১-২০২০ | হৃদরোগ ও ডায়াবেটিস |
| ৩। | ৬৪৮৬৭ ল্যা. না. মোহাম্মদ ফারুক আলম | জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) | ১৯-১১-২০২০ | কিডনি সমস্যা |
| ৪। | ৫০৫৮২ নায়েক সিগ. মোঃ আজিজুল হক | নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি) | ২৮-১১-২০২০ | কোভিড-১৯ |
| ৫। | ৫২৯৭২ নায়েক মোঃ মান্নান মোল্লা | যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) | ২৮-১১-২০২০ | হৃদরোগ, ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ |

## মাসিক দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ-নভেম্বর ২০২০

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধ ও শাস্তির বিবরণ |
|---|---|---|
| ১ | ৭৫৯৯৮ সিগন্যালম্যান মোহাম্মদ আব্দুল কুদ্দুস রুমা ব্যাটালিয়ন (৯ বিজিবি) | ২০১৮ সালে মহাপরিচালক মহোদয় বরাবরে অকালীন অবসরের আবেদন করলে তা না মঞ্জুর হওয়া এবং ২০১৯ সালে মানবিক কারণে বদলীর জন্য আবেদন করলে তাও না মঞ্জুর হওয়ার কারণে চাকুরি করবে না বলে নিজে নিজেই সিদ্ধান্ত গ্রহণ পূর্বক অসৈনিকসুলভ আচরণ করে। এছাড়া ১৮ জুন ২০২০ হতে ৭ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত ৫১ দিনের অর্জিত ছুটিতে গমন করে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে ইচ্ছাকৃতভাবে ছুটি হতে অনুপস্থিত থাকে। পরবর্তীতে ১৮ দিন ১৬ ঘণ্টা অনুপস্থিত থাকার পর গত ২৬ আগস্ট ২০২০ তারিখে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১০-১১-২০২০।** |
| ২ | ৯৮৯৮৮ সিপাহী মোঃ ইব্রাহিম রহমান চুয়াডাংগা ব্যাটালিয়ন (৬ বিজিবি) | চুয়াডাংগা ব্যাটালিয়নের (৬ বিজিবি) আওতাধীন মুন্সিপুর বিওপি'র কোম্পানি করণিকের দায়িত্বে থাকাবস্থায় ৪/৫ আগস্ট ২০২০ তারিখে ব্যাটালিয়নের বুড়িপোতা কোম্পানির জুলাই ২০২০ মাসের বিওপিভিত্তিক গোলাবারুদের বিবরণ এবং ১০/১১ আগস্ট ২০২০ তারিখে জুলাই ২০২০ মাসের অস্ত্রের প্রতিবেদন জাল স্বাক্ষর করত: স্বজ্ঞানে তথ্য পাচারের উদ্দেশ্যে জেসিও-৭৯৬৭ না. সুবে. মোঃ একরামুল হকের (বর্তমানে বরখাস্ত) ব্যক্তিগত ইমো/ভাইভারে প্রেরণ করে। পরবর্তীতে উক্ত সৈনিক ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে তার ব্যক্তিগত মোবাইল ফোন থেকে উক্ত প্রতিবেদন ডিলিট করে দেয়। এছাড়া নিজ এলাকা ও বিওপি সংলগ্ন এলাকার একাধিক মেয়ের সাথে ছদ্মনাম ব্যবহার করে প্রেমের সম্পর্ক স্থাপন করে বিবাহ বহির্ভূত অবৈধ সম্পর্ক স্থাপন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ৩০-১১-২০২০।** |

| ক্রমিক | নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধ ও শাস্তির বিবরণ |
|---|---|---|
| ৩ | বা-৫৩৬১ বাবুর্চি<br>মোঃ রুবেল হাওলাদার<br>কুষ্টিয়া ব্যাটালিয়ন<br>(৪৭ বিজিবি) | ২৩ আগস্ট ২০২০ তারিখে ছুটি ব্যতিরেকে অসামরিক কর্মচারীর লাইন হতে পলায়ন করে। পরবর্তীতে ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখে বরিশাল জেলার অন্তর্গত বাকেরগঞ্জ থানা পুলিশ কর্তৃক আটক হয়।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ০১-১১-২০২০।** |
| ৪ | ৬৮১৬৭ ল্যান্স নায়েক<br>মোঃ বাবুল ইসলাম<br>জকিগঞ্জ ব্যাটালিয়ন<br>(১৯ বিজিবি) | বিজিবি'তে তালিকাভুক্তির পূর্বে ১৯৯৯ সালে মোছাঃ নুরজাহান বেগম এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। পরবর্তীতে ১৪ সেপ্টেম্বর ২০০২ তারিখে মিথ্যা তথ্য প্রদান পূর্বক অবিবাহিত হিসেবে বিজিবি'তে তালিকাভুক্ত হয় এবং বিবাহযোগ্য বয়স পূর্ণ হলে ভুয়া কাবিননামা তৈরি করে ইউনিটে দাখিল করে। এছাড়া উক্ত এনসিও ২০১৩ সাল হতে তার স্ত্রী'কে খোঁজ-খবর না নেয়া, ভরণ পোষণ না দেয়া, বাড়ি থেকে তাড়িয়ে দেয়া এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি। শাস্তি প্রদানের তারিখ : ২৫-১১-২০২০।** |
| ৫ | ১০০২২৮ সিপাহী<br>মোঃ হোসেন আলী<br>জকিগঞ্জ ব্যাটালিয়ন<br>(১৯ বিজিবি) | বিজিবি'তে তালিকাভুক্তির পূর্বে জানুয়ারি ২০১৫ সালে স্ত্রীর পরিবারের নিকট হতে যৌতুক হিসেবে ১১ লক্ষ টাকা গ্রহণ করে মোছাঃ রাবেয়া খাতুন এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। পরবর্তীতে ২১ জুলাই ২০১৫ তারিখে মিথ্যা তথ্য প্রদান পূর্বক অবিবাহিত হিসেবে বিজিবি'তে তালিকাভুক্ত হয় এবং বিবাহযোগ্য বয়স পূর্ণ হলে ভুয়া কাবিননামা তৈরি করে ইউনিটে দাখিল করে। বিবাহের পর হতে স্ত্রীকে মানসিকভাবে নির্যাতন করা, যোগাযোগ না রাখা এবং স্ত্রী ও সন্তানের ভরণ পোষণ দেয়া থেকে বিরত থাকে। এছাড়া স্ত্রীর অবর্তমানে তার অনুমতি ব্যতিত জনৈকা আম্বিয়া খাতুন এর সাথে বিবাহ বহির্ভূত অবৈধ সম্পর্ক স্থাপন এবং স্বামী-স্ত্রীর পরিচয়ে বিভিন্ন সময়ে বাসা ভাড়া নিয়ে একত্রে বসবাস করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে অব্যাহতি। শাস্তি প্রদানের তারিখ : ২৫-১১-২০২০।** |
| ৬ | ৭৭৭২৩ মেডিক্যাল<br>সহকারী ল্যান্স নায়েক<br>মোঃ আবু হানিফ<br>ঠাকুরগাঁও ব্যাটালিয়ন<br>(৫০ বিজিবি) | ২৫ বছর বয়স পূর্তির পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ১৪ ফেব্রুয়ারি ২০০৯ তারিখে মোছাঃ শাহানাজ পারভীন এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। দীর্ঘ ০৪ বছর সংসার করার পরও স্ত্রীর সাথে বনিবনা না হওয়ায় ১৪ মার্চ ২০১৩ তারিখে তালাক প্রদান করে। পরবর্তীতে জনৈকা হোসনেআরা খাতুন শাপলা এর পরিবারের নিকট হতে ২,৮০,০০০/- টাকা যৌতুক গ্রহণ পূর্বক দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হয় এবং বিবাহের পর বিভন্ন অজুহাতে আরও ১,০০,০০০/- টাকা গ্রহণ করে। এছাড়া ১ম স্ত্রীর গর্ভের কন্যা সন্তান'কে ২য় স্ত্রীর সন্তান হিসেবে চাকুরির নথিতে লিপিবদ্ধ করে এবং ২য় স্ত্রীকেও ভরণ পোষণ না দিয়ে পিত্রালয়ে রেখে আসে। পরবর্তীতে জনৈক মোঃ রফিকুল ইসলাম এর স্ত্রী মোছাঃ লায়লা পারভীন কেয়ার সাথে পরকীয়ায় আসক্ত হয়ে ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখে ইউনিট হতে পলায়ন পূর্বক ২য় স্ত্রী এবং কর্তৃপক্ষে অনুমতি ব্যতিত ০২ সেপ্টেম্বর ২০২০ তারিখে ৩য় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর। শাস্তি প্রদানের তারিখ : ০৫-১১-২০২০।** |
| ৭ | ৭৯৬৯৬ সিগন্যাল সিটি<br>মোঃ মিজানুর রহমান<br>সদর বর্ডার গার্ড<br>ব্যাটালিয়ন | নম্বর ৭৯৬৯৬ সিগন্যাল সিটি মোঃ মিজানুর রহমানের নামে বরাদ্দকৃত হিজলদী-১৯০ আই/৪ সরকারী কোয়ার্টারে নিজ স্ত্রী ও সন্তান'কে না এনে জনৈকা উম্মে হাবিবা (স্বামী-জনৈক মোঃ মশিউর রহমান, গার্মেন্টস কর্মী) ও তার কন্যা সন্তান'কে নিয়ে বিবাহ বহির্ভূত স্বামী স্ত্রীর ভূয়া পরিচয় দিয়ে ১ অক্টোবর ২০২০ হতে ১৯ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত ১৯ দিন একত্রে বসবাস করে। এছাড়া উক্ত সৈনিক পিতার অসুস্থতার কথা বলে (প্রকৃতপক্ষে উম্মে হাবিবাকে বিবাহ করার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহের নিমিত্তে) ছুটিতে গমন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর। শাস্তি প্রদানের তারিখ : ০৫-১১-২০২০।** |



২ নভেম্বর ২০২০ তারিখে বর্ডার গার্ড জাদুঘর এবং কেন্দ্রীয় গ্রন্থাগার পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।



সুনামগঞ্জ ব্যাটালিয়নে (২৮ বিজিবি) নির্মিত 'বঙ্গবন্ধু সীমান্ত শিক্ষা নিকেতন'



৯-১৭ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত আলীকদম ব্যাটালিয়ন (৫৭ বিজিবি) এর অধিনায়কের নেতৃত্বে বুলুপাড়া বিওপি'র দায়িত্বাধীন সীমান্ত পিলার-৬৪ পরিদর্শনের উদ্দেশ্যে বিশেষ অপারেশন পরিচালনা করা হয়।



১৫-২৬ নভেম্বর ২০২০ তারিখ পর্যন্ত বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত ৮২ মি.মি. মর্টার ক্যাডারের স্থিরচিত্র।